

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-১শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৭২.০০৪.০০০.০০.০১১.২০১২-১৩৩

তারিখঃ ১২.০৩.২০১৪খ্রি

প্রেরকঃ সুশীল কুমার পাল
সহকারী সচিব

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়স্বাধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় এসেনসিয়াল সার্ভিস ডেলিভারী কর্মসূচীর (কোড নং-৫-২৭১১-৫০৬০) আওতায় বৈদেশিক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য আরপিএ (জিওবি) ১ম ও ২য় কিস্তির অবমুক্ত অর্থ থেকে ২,৪৩,৩৯,৯৭৮/- (দুই কোটি তেতাল্লিশ লক্ষ উনচল্লিশ হাজার নয়শত আটাত্তর) টাকা অগ্রিম উত্তোলন সংক্রান্ত।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় এসেনসিয়াল সার্ভিস ডেলিভারী (কোড নং-৫-২৭১১-৫০৬০) শীর্ষক কর্মসূচির অনুকূলে চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে ১ম ও ২য় কিস্তিতে আরপিএ (জিওবি) খাতে ছাড়কৃত ২৫২৬.১৮ লক্ষ টাকা হতে ৫১ জন প্রশিক্ষণার্থীর বৈদেশিক প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে (টিউশন ফি, বিমান ভাড়া, বৈদেশিক ভাতা, অন্যান্য ব্যয়, ইনস্টিটিউশনাল এ প্রোগ্রাম ডেভেলপমেন্ট ব্যয় বাবদ বৈদেশিক মুদ্রায় ১,৯৭,২৫৩ ইউএস ডলার) বাংলাদেশী মুদ্রায় ২,৪৩,৩৯,৯৭৮/- (দুই কোটি তেতাল্লিশ লক্ষ উনচল্লিশ হাজার নয়শত আটাত্তর) টাকা অগ্রিম উত্তোলনে আদিষ্ট হয়ে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি।

তবে শর্ত থাকে যে,

- (ক) অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) পরবর্তী কিস্তির অর্থ উত্তোলনের পূর্বেই যথাসময়ে যথাযথ ভাউচারের মাধ্যমে অগ্রিম উত্তোলিত অর্থ সমন্বয় করতে হবে;
- (গ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারী কোষাগারে সমর্পন করতে হবে;
- (ঘ) ১ম ও ২য় কিস্তিতে ছাড়কৃত আরপিএ (জিওবি) অর্থের পুনর্ভরণ দাবী অবিলম্বে পেশসহ পূর্ণভরণ নিশ্চিত করতে হবে;
- (ঙ) অগ্রিম হিসেবে উত্তোলিত অর্থ ব্যয়ের বিষয়ে ভবিষ্যতে কোন অনিয়ম হলে তার জন্য সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন; এবং
- (চ) পরিপত্র নং-স্বাপকম/সিসপ্র (স্বাস্থ্য-৪)/আইএসটি/এইচএনপিএসপি/২০০৭/২০৭, তারিখ ২৮.১০.২০০৭ অনুযায়ী HNPSP-র আওতায় প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে প্রদত্ত নির্ধারিত হার অনুযায়ী প্রশিক্ষক, রিসোর্স পার্সন ও প্রশিক্ষণার্থীদের সম্মানী ভাতা প্রদান করতে হবে।

০২। এই ব্যয় চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে ২৭- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়স্বাধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির অন্তর্ভুক্ত এসেনসিয়াল সার্ভিস ডেলিভারী কর্মসূচি (কোড নং-৫-২৭১১-৫০৬০ - ৪৮৪৪) হতে আরপিএ(জিওবি) খাতের অর্থ হতে বহন করা হবে।

০৩। অর্থ বিভাগের সম্মতিক্রমে এ আদেশ জারী করা হলো।

(সুশীল কুমার পাল)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৯৫৫৩

saspil@mohfw.gov.bd

অপর পৃষ্ঠা দৃষ্টব্য


পূর্ব পৃষ্ঠার পর

নং-৪৫.১৭২.০০৪.০০০.০০.০১১.২০১২-১৩৩/১(৯)

তারিখঃ ১২.০৩.২০১৪খ্রি

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ০২। মহা-ব্যবস্থাপক, সরকারী হিসাব বিভাগ, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ০৩। লাইন ডাইরেক্টর, এসেনসিয়াল সার্ভিস ডেলিভারী, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ০৪। উপ প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৫। সিনিয়র সহকারী সচিব, (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ✓ ০৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ০৭। যুগ্ম-সচিব (আ:ব্য: ও অ:)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৮। যুগ্ম-সচিব (প্রকল্প বাস্তবায়ন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৯। যুগ্ম-প্রধান (পরিকল্পনা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(সুশীল কুমার পাল)
সহকারী সচিব